

## নকল করার সুযোগের দাবীতে অধ্যক্ষের অফিস বাসভবনের হামলা

নিজস্ব সংবাদদাতাঃ রংপুর।-নকল করার সুযোগ দেয়ার দাবীতে একদল সশস্ত্র যুবক কুড়িগ্রাম সরকারী কলেজে হামলা চালিয়ে অধ্যক্ষের কার্যালয়, স্টাফ কাউন্সিল কক্ষ, প্রশাসিক ভবন, শ্রেণী-কক্ষ, অধ্যক্ষ এবং শিক্ষকদের বাসভবনে ব্যাপক ভাঙচুর করেছে। সোমবার এই লংকাকাভ ঘটনো হয়। এ সময় যুবকরা কলেজের জনৈক শিক্ষকের একটি মোটর সাইকেলও ভাঙচুর করে। বর্তমানে কলেজ এলাকায় ছাত্র-শিক্ষকদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

সোমবার এইচএসসি পরীক্ষার প্রথম দিনে শিক্ষকদের কড়াকড়িতে নকল-বাজরা সুবিধা করতে না পেরে পরীক্ষা শেষ হওয়ার আধ ঘন্টা আগে জনৈক পরীক্ষার্থী প্রাণিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক শামসুল আলম খন্দকারের সঙ্গে দুর্ব্যবহার করে। এক পর্যায়ে এ ছাত্র তার শিক্ষককে দেখে নেয়ার হুমকি দিয়ে বেরিয়ে যায়।

পরীক্ষা শেষ হওয়ার পর একদল ছাত্র অধ্যক্ষের বাসভবনে হামলা চালায়। এর প্রতিবাদে কলেজের শিক্ষকরা যৌথভাবে নিরাপত্তা চেয়ে জেলা প্রশাসকের কাছে আবেদন করেন।

সোমবার এই ঘটনার জের হিসাবে দুপুর ১২টার দিকে প্রায় দু'শ যুবক রামদা, হকিষ্টিক ও অন্যান্য ধারালো অস্ত্রসহ কুড়িগ্রাম সরকারী কলেজের অধ্যক্ষের ভবন ও আবাসিক ভবনে হামলা এবং ভাঙচুর করে। তারা কলেজের টেলিফোন লাইনও কেটে দেয়।

এ ঘটনার পর কলেজের অধ্যক্ষ শিক্ষকদের নিয়ে এক জরুরী সভা করেন। সভায় এ ধরনের যৌথরোচিত হামলার প্রতিকার দাবী করা হয়।

এ ব্যাপারে ইতিমধ্যেই কুড়িগ্রাম সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। অভিযোগ করা হয়েছে, সশস্ত্র যুবকদের এই ভাঙচুরকারী অস্ত্র ৪ ঘন্টা পর পুলিশ ঘটনাস্থলে আসে।